REG. NO. C. 853

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ পত্র।

২৭শ বর্ষ | রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১০ই বৈশাখ বুধবার ১৩৪৮ ইংরাজী 23rd April 1941 | ৪৬শ সংখ্যা

## জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী

জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১৷০ টাকা। নগদ মূল্য ৵০ দুই পয়সা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়। যে সংখ্যায় নিলামী ইস্তাহারের বিজ্ঞাপন মুদ্রিত হইবে তাহার নগদ মূল্য /০ এক আনা।

জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ।০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৶০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৴০ আনা, ছয় মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা, এক বৎসর বা ততোধিক কালের জন্য প্রতি লাইন প্রতিবার /০ এক আনা হিসাবে। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়। যাবতীয় চিঠি পত্র, মনিঅর্ডার ও বিনিময় সংবাদপত্রাদি নিম্নলিখিত ঠিকানায় পাঠাতে হইবে

শ্রীবিনয় কুমার পণ্ডিত, জঙ্গিপুর সংবাদ কার্য্যালয়, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

ছাদের জন্য

**লোহার কড়ি**

বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।

সত্বর দরের জন্য পত্র লিখুন।

**নিরঞ্জন এণ্ড কোং লিঃ**

ম্যানেজিং ডিরেক্টার:—
শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়।
২নং দর্মাহাটা ষ্ট্রীট
কলিকাতা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম




সেবনে মেহরোগ চির আরোগ্য ও
নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে।

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

**৪৫** বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠ-পোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন:—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি-এম, কাপ্তেন এস, এন, চৌধুরী আই-এম-এস, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, ডাঃ পুষং এম-ডি ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২৷০, ছোট ১৷৵০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

বাঙলার ও বাঙালীর নিজস্ব বীমা প্রতিষ্ঠান

## হিন্দুস্থান কো-অপারেটিভ

ইনসিওরেন্স সোসাইটী লিমিটেড

ইহাতে জীবন-বীমা করিয়া সংসারে সুখস্বাচ্ছন্দ্য ও শান্তি সুপ্রতিষ্ঠিত করুন।

—আর্থিক পরিচয়—

( মে হইতে ডিসেম্বর, ১৯৩৯ )

| | | |
|---|---|---|
| নূতন বীমা | ... | ২ কোটি ১০ লক্ষের উপর |
| মোট চলতি বীমা | ... | ১১ „ টাকার „ |
| মোট সংস্থান | ... | ৩ „ ৫৬ লক্ষের „ |
| বীমা তহবিল | ... | ৩ „ ১০ „ „ |
| দাবী শোধ ( ১৯০৭-৩৯ ) | | ১ „ ৯১ „ „ |
| প্রিমিয়াম আয় | ... | প্রায় ৪৭ লক্ষ টাকা |

—বোনাস—

প্রতি বৎসর প্রতি হাজারে

মেয়াদী বীমায় ১৮৲ আজীবন বীমায় ১৫৲

হেড আফিস—হিন্দুস্থান বিলডিংস, কলিকাতা

ব্রাঞ্চ—বোম্বে, মান্দ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, পাটনা, নাগপুর ও ঢাকা।

এজেন্সি:—ভারতের সর্ব্বত্র, বর্ম্মা, সিলোন, মালয়া, ব্রিঃ ইষ্ট আফ্রিকা।

## স্যাঙ্গো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

আজকাল স্নায়বিক দৌর্ব্বল্যে অল্পবিস্তর সকলেই কষ্ট পাইতেছেন—তার উপর এখন কর্ম্মযুগ আসিতেছে, এ সময়ে আমরা সকলকেই স্যাঙ্গো সেবন করিতে বলি। পারা, গরমী প্রভৃতি রক্ত দোষও স্যাঙ্গো সেবনে নিবারিত হয়; দেহ সতেজ হয়; রক্ত বৃদ্ধি হয়, দেহে নূতন জীবন, নূতন যৌবন সঞ্চার হয়। খোস, পাঁচড়া, দাদ, অর্শ, কাউর, বাত, আমবাত, সর্দ্দি, কাশি সমস্তই স্যাঙ্গো সেবনে নিবারিত হয়।

স্ত্রীলোকের ঋতুর গোলযোগ, বাধক, দীর্ঘকালব্যাপী ঋতু, ঋতুকালীন জ্বালা ও ব্যথা সমস্ত উপসর্গে স্যাঙ্গো যাদুমন্ত্রের ন্যায় কার্য্য করে।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫৷০

ডাক মাশুলাদি স্বতন্ত্র।

**আর, লগিন্ এণ্ড কোং**

ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট কলিকাতা।

টেলিগ্রাম—"হিলিং", কলিকাতা

মহা সমর! মহা সমর!!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়ি, বিশুদ্ধতার গ্যারান্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন।

একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারী

**মুলজী সিক্কা এণ্ড কোং**

হেড অফিস—৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

শাখাসমূহ:—১৬০ নং নবাবপুর রোড, ঢাকা, সরায়গঞ্জ, মজঃফরপুর বি-এন-ডবলিউ-আর।

ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া ( সি, পি ) বি-এন-আর।

আমাদের নিকট বিড়ি প্রস্তুতের বিশুদ্ধ তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়।

দরের জন্য পত্র লিখুন।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১০ই বৈশাখ বুধবার সন ১৩৪৮ সাল

## চাউল

রঘুনাথগঞ্জ বাজারে সাধারণ আছাঁটা চাউল টাকায় ৴৭॥০ সাড়ে সাত সের দরে বিক্রয় হইতেছে।

---

## প্রাকৃতিক অবস্থা

আজ কয়েক দিন হইতে আকাশ প্রায়ই মেঘাচ্ছন্ন থাকিতেছে কিন্তু বৃষ্টি হইতেছে না। বৃষ্টি অভাবে ভাদুই ধান ও পাটের বপন কার্য্য আরম্ভ হইতেছে না। এ সময়ে বৃষ্টির খুব দরকার।

---

## আম ও লিচু

এতদঞ্চলের প্রধান ফল আম ও লিচু এবৎসর ভাল হইবে না। সময়ে জল না হওয়ায় লিচুর গুটী বড় হয় নাই এবং যাহা হইয়াছিল তাহাও রৌদ্রে নষ্ট হইয়া যাইতেছে। আমও জলাভাবে অধিকাংশ নষ্ট হইয়া গিয়াছে। আম ও লিচুর ব্যবসা করিয়া বহু লোকের অন্নসংস্থান হইত কিন্তু এবারে সকলেই নিরাশ হইয়া বসিয়া আছে।

---

## পরলোকগমন

গত ৬ই বৈশাখ শনিবার রাত্রি ৭॥০ ঘটিকার সময় জঙ্গিপুরের অবসরপ্রাপ্ত সিভিল য়্যাসিষ্ট্যান্ট সার্জ্জেন ডাক্তার তারাপ্রসন্ন সিংহ মহাশয় পরলোক গমন করিয়াছেন। দিন কয়েক পূর্ব্বে তাঁহার নিউমোনিয়া হইয়াছিল। হঠাৎ হৃদযন্ত্রের ক্রিয়া বন্ধ হওয়ায় তাঁহার মৃত্যু হইয়াছে। তিনি গত মহাযুদ্ধের সময় মেসোপটেমিয়ার যুদ্ধক্ষেত্রে গমন করিয়াছিলেন। তাঁহার ঐকান্তিক চেষ্টায় এ বৎসর হইতে জঙ্গিপুর হাই স্কুলে প্রবেশিকা পরীক্ষা কেন্দ্র হইয়াছে। তাঁহার মৃত্যুতে জঙ্গিপুরের খুব ক্ষতি হইল। তাঁহার দ্বারা এখানকার অনেক হিত কার্য্য সাধিত হইত। আমরা তাঁহার শোকসন্তপ্ত পরিবারবর্গের শোকে সমবেদনা জ্ঞাপন করিতেছি।

---

## টিউবওয়েল

জঙ্গিপুর মিউনিসিপ্যালিটির ৫নং ওয়ার্ড চাউলপটিতে একটি টিউবওয়েল ছিল। গত বৎসর এই সময়ে উহা নষ্ট হইয়া গিয়াছে। পানীয় জলের অভাবে এই পল্লীর জনসাধারণের ও বিদেশাগত জনগণের ভীষণ কষ্ট হইতেছে। পিপাসিত ব্যক্তি টিউবওয়েলের নিকটে যাইয়া হতাশ হইয়া ফিরিয়া আসিতেছে। কেহ কেহ সুমধুর বাক্যে কর্ত্তৃপক্ষগণকে আপ্যায়িত করিতেও ত্রুটি করিতেছে না। এই স্থানে একটি 'টিউবওয়েল' অত্যাবশ্যক এ বিষয়ে স্থানীয় মিউনিসিপ্যালিটির সহৃদয় চেয়ারম্যান বাহাদুর ও কমিশনারগণের দৃষ্টি আকর্ষণ করিতেছি।

---

## কালীমূর্ত্তি ও মন্দির ভস্মীভূত

বঙ্গীয় প্রাদেশিক হিন্দু মহাসভা জানাইতেছেন,—পাবনা জেলার বেড়া থানার অন্তর্গত রক্ষা গ্রামের কালীমূর্ত্তি এবং মন্দির কাহারা ১লা এপ্রিল ভস্মীভূত করিয়াছে। কালী মন্দির টিনের ঘর ছিল।

---

## গৃহশিক্ষক কর্ত্তৃক ছাত্রহত্যা

গত ১৯শে এপ্রিল জনৈক গৃহশিক্ষক ১৮ বৎসর বয়স্ক ছাত্রকে অপর এক ব্যক্তির সহযোগে হত্যা করিয়াছে বলিয়া সংবাদ পাওয়া গিয়াছে। ছাত্রের মাতা আততায়িদ্বয়ের একজনকে সাহসের সহিত ধরিয়া রাখে এবং স্বয়ং সাংঘাতিকভাবে আহত হয়। তাহার চীৎকারে লোকজন আসিয়া পড়ে। হাসপাতালে লইয়া যাইবার সময় পথেই ছাত্রটির মৃত্যু হয়। ছাত্রের মাতার অবস্থা আশঙ্কাজনক।

---

## নকল বন্দুক নিষিদ্ধ

যুক্ত প্রাদেশিক গবরমেণ্টের নির্দ্দেশ অনুযায়ী শিক্ষা বিভাগের ডিরেক্টর সমস্ত স্কুল ও কলেজের কর্ত্তৃপক্ষকে জানাইয়াছেন যে, ছাত্রদের নকল বন্দুক লইয়া ড্রিল করা চলিবে না। তবে ছাত্রগণকে "স্কোয়াড ড্রিল" এবং শ্রেণীবদ্ধভাবে মার্চ্চ করা শিক্ষা দেওয়া যাইতে পারে। বন্দুকরূপে ব্যবহৃত লাঠি এবং ছড়িও নকল বন্দুকের পর্য্যায়ে পড়িবে।

---

## শ্রীহট্টে ভীষণ ঝড়

গত ৮ই এপ্রিল মঙ্গলবার রাত্রিতে শ্রীহট্ট জেলায় ভীষণ ঝড় হইয়া গিয়াছে। শস্যের প্রভূত ক্ষতি হইয়াছে। বহু বাড়ীঘর নষ্ট হইয়াছে এবং বহু বৃক্ষ উৎপাটিত হইয়াছে। আরও প্রকাশ যে, এ-বি রেলওয়ের শ্রীমঙ্গলের নিকট ডাউন সুর্মা মেলের একখানা সম্পূর্ণ বগি গাড়ী লাইনচ্যুত হয়। ফলে কয়েকজন যাত্রী আহত হইয়াছে।

---

## ময়মনসিংহে প্রবল ঝড়

গত ৮ই এপ্রিল সন্ধ্যায় ময়মনসিংহ সহরের পশ্চিম উপকণ্ঠে প্রবল ঝড় হইয়াছে। ঐ অঞ্চলের লোকদের অত্যন্ত ক্ষতি হইয়াছে। পুলীশ লাইনেরও বিশেষ ক্ষতি হইয়াছে। কয়েকখানা ঘর উড়িয়া গিয়াছে এবং কয়েক ব্যক্তি আহত হইয়াছে।

---

## টাঙ্গাইলে শিলাবৃষ্টি

ময়মনসিংহ জেলার টাঙ্গাইল মহকুমায় গত ৯ই এপ্রিল রাত্রিতে ভীষণ শিলাবৃষ্টি হইয়া গিয়াছে। বহু লোক ও গবাদি পশু আহত হইয়াছে। কোন কোন শিলার ওজন ২॥ হইতে ৩ সের হইবে। দুই ব্যক্তিকে হাসপাতালে পাঠাইতে হইয়াছে। প্রকাশ, এই শিলাবৃষ্টির ফলে একজন নিহত ও অনেক আহত হইয়াছে। মৃত্যুর সংবাদটি এখনও সমর্থিত হয় নাই।

---

## সাধারণ ডাকে চেক প্রেরণের বিপদ

### চেক ও ড্রাফট অপহৃত

কলিকাতার পুলিশ কমিশনার কর্ত্তৃক প্রচারিত এক ইস্তাহারে জনসাধারণকে সাধারণ ডাক মারফৎ চেক ড্রাফট প্রেরণ সম্বন্ধে সতর্ক করিয়া দেওয়া হইয়াছে, বলা হইয়াছে যে, বহুবার এইরূপে প্রেরিত চেক অপহৃত ও ভাঙ্গান হইয়াছে। 'ক্রসড' চেকগুলি ছোট ব্যাঙ্কে মিথ্যা হিসাব খুলিয়া ভাঙ্গান হইয়াছে। এই সকল ব্যাঙ্ক খরিদ্দার জুটাইবার জন্য কোন প্রকার প্রমাণাদি না লইয়াই হিসাব খুলিয়া থাকেন।

---

## বেকার তরুণদের জীবিকার সন্ধান

### রুটি, বিস্কুট তৈরী শিক্ষার সুযোগ

রুটি, বিস্কুট প্রভৃতি তৈরীর কারবারে বেকার যুবকদের জন্য যে, সুযোগ রহিয়াছে, বাঙলা সরকারের নিয়োগ-উপদেষ্টা তৎপ্রতি বেকার তরুণদের দৃষ্টি আকর্ষণ করিতেছেন।

বাঙলার মফঃসল অঞ্চলের খুব কম শহরেই রুটি প্রভৃতি তৈরীর উপযুক্ত কারখানার অস্তিত্ব রহিয়াছে, অথচ রুটি কেক্, প্যাষ্ট্রী প্রভৃতির খরিদ্দারের অভাব নাই। বর্ত্তমানে আনাড়ী লোকেরা কোন রকমে অস্বাস্থ্যকরভাবে রুটি প্রভৃতি তৈয়ার করিয়া স্থানীয় প্রয়োজন মিটাইয়া থাকে।

রুটি, বিস্কুট প্রভৃতি ব্যয় সম্পর্কে অনুসন্ধান করিয়া দেখা গিয়াছে যে, ১৫০৲ হইতে ২০০৲ টাকা পর্য্যন্ত মূলধন লইয়া কারবার শুরু করিলে অতি অনায়াসে মাসিক ৪০৲ টাকা হইতে ৫০৲ টাকা পর্য্যন্ত রোজগার করা যায়।

রুটি, বিস্কুট কেক্ প্রভৃতি তৈরী শিক্ষাদানের জন্য ১০।১, চক্রবেড়িয়া রোডে (সাউথ) ইণ্ডিয়ান বেকারী এণ্ড কন্‌ফেক্‌শনারী কলেজ প্রতিষ্ঠিত হইয়াছে।

মোট সাড়ে তিন মাস কাল এই কলেজে শিক্ষালাভ করিতে হয় এবং শিক্ষার ব্যয় স্বরূপ সর্ব্বমোট ৩০৲ টাকা লাগে। এই প্রতিষ্ঠান হইতে শিক্ষা গ্রহণের পর যুবকগণ স্বাধীনভাবে নিজেরা কারখানা প্রতিষ্ঠা করিতে পারে, কিম্বা অন্য রুটীর কারখানা বা হোটেল প্রভৃতিতে চাকুরী পাইতে পারে।

বাঙলার আরো অধিক সংখ্যক তরুণ এই সুযোগ গ্রহণ করিবে বলিয়াই আশা করা যাইতেছে। এই সম্পর্কে বিস্তৃত বিবরণ ৮নং ক্লাইভ ষ্ট্রীট, কলিকাতায় অবস্থিত নিয়োগ-উপদেষ্টার অফিস হইতে পাওয়া যাইতে পারে।

---

## ঢাকায় দাঙ্গার ফলে ফৌজদারী মামলা

### বিশেষ ভাবে নিযুক্ত ম্যাজিষ্ট্রেট বিচার করিবেন

গভর্ণমেণ্ট স্থির করিয়াছেন যে, ঢাকার দাঙ্গার ফলে যে সকল ফৌজদারী মামলার উদ্ভব হইয়াছে এই উদ্দেশ্যে বিশেষভাবে নিযুক্ত একজন ম্যাজিষ্ট্রেট তাহার বিচার করিবেন এবং এই বিচার কার্য্য যত দ্রুত সম্ভব সমাধা করিতে হইবে। এই উদ্দেশ্যে বাখরগঞ্জের অতিরিক্ত জেলা-ম্যাজিষ্ট্রেট মিঃ আর, এস্, টি, জন, আই-সি-এস ঢাকার বিশেষ অতিরিক্ত জেলা ম্যাজিষ্ট্রেট নিযুক্ত হইয়াছেন।

### সরকারের সাহায্য

বাঙলা সরকার বৃটীশ-সাম্রাজ্য কুষ্ঠ-নিবারণী সমিতির বঙ্গীয় শাখায় ১৯৪০-৪১ সনের জন্য ১০,০০০৲ টাকা সাহায্য মঞ্জুর করিয়াছেন। সমিতি এই অর্থ দ্বারা কুষ্ঠরোগের নিবারণ ব্যাপারে প্রচার কার্য্য পরিচালনা করিবে। সমিতি কারমাইকেল মেডিক্যাল্ কলেজ ও বাঙলা দেশের অন্যান্য সরকার-পরিচালিত মেডিক্যাল স্কুলের উপরের ক্লাশের ছাত্রদের মধ্যে কুষ্ঠরোগ সম্পর্কে বক্তৃতাও বিতরণ করিবে।

---

## নিখিল বঙ্গ শিক্ষক সম্মেলন।

### বহরমপুরে বিংশতিতম বৈঠক।

#### বিদ্যালয়ে শিল্প-শিক্ষার প্রয়োজনীয়তা।

গত ১২ই এপ্রিল শনিবার বহরমপুরে কৃষ্ণনাথ কলেজিয়েট স্কুল হলে নিখিল বঙ্গ শিক্ষক সম্মেলনের বিংশতিতম অধিবেশন আরম্ভ হয়। ডাঃ শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় এই অনুষ্ঠানে সভাপতির আসন গ্রহণ করিবেন কথা ছিল। তিনি উপস্থিত হইতে না পারায় ডাঃ

ব্রজশশী
# আয়ুর্ব্বেদ ভবন

যথাসম্ভব সুলভে বিশুদ্ধ আয়ুর্ব্বেদীয় চিকিৎসার শ্রেষ্ঠ প্রতিষ্ঠান।

( স্থাপিত সন ১৩৩২ সাল )

প্রতিষ্ঠাতা ও প্রধান চিকিৎসক

**কবিরাজ শ্রীরোহিণীকুমার রায়, বি-এ, কবিরত্ন**

প্রধান ঔষধালয় :— রঘুনাথগঞ্জ ঃ ঃ মুর্শিদাবাদ।

শাখা ঔষধালয় :— জঙ্গীপুর ( বাবুবাজার।

আয়ুর্ব্বেদীয় সকল রকম আসব, অরিষ্ট, মোদক, বটী, তৈল, ঘৃত, চূর্ণ ও ধাতুভস্মাদি সর্ব্বদা প্রচুর মজুত থাকে। মফঃস্বলের চিকিৎসকগণকে উপযুক্ত কমিশন দেওয়া হয়।

# পণ্ডিত প্রেস

**রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ**

উচ্চশ্রেণীর ছাপার জন্য বিখ্যাত

পরীক্ষা প্রার্থনীয়।

# বেঙ্গল হোমিও কেমিকেল ওয়ার্কস

মহাত্মা আনন্দ ঋষির আয়ুর্ব্বেদিক হোমিও ঔষধ প্রস্তুত হইতেছে। ডাক্তার বি, রায়কে পত্র লিখিয়া জানুন।




## সার্জ্জারী জগতে যুগান্তর।

ডাক্তার আনন্দ ঋষির আবিষ্কৃত একমাত্র **অপেরীণ** ইহা ব্যবহারে লক্ষ লক্ষ রোগী বাগী, ফোড়া, কাকবিড়ালী, ঠুনকা, মুখের ব্রণ পৃষ্ঠ ব্রণ, উরুস্তম্ভ, শীতলী কর্ণমুল প্রভৃতি যন্ত্রণা-প্রদ ব্যয় বহুল রোগ হইতে বিনা অস্ত্রে ও বিনা জ্বালা যন্ত্রণায় মন্ত্রমুগ্ধের ন্যায় আরোগ্য হয়

মূল্য বড় শিশি ১৲, মাশুল সমেত ১।৵০ ।৵০ আনার টিকেট পাঠাইলে স্যাম্পেল শিশি পাইবেন।

## মৃতের জীবন ঃ—ভাইট্যালী—{ বহুবিধ রোগনাশক জীবনীশক্তিবর্দ্ধক টনিক।

(ডাক্তার আনন্দ ঋষি মরা মানুষ বাঁচাইতে পারিতেন। তিনি বহু গবেষণার পর জগতের হিতার্থে ভাইট্যালী আবিষ্কার করিয়া গিয়াছেন।) মানব জীবনের প্রধান উপাদান ভাইট্যাল পাওয়ার বা জীবনীশক্তি; উহার হ্রাস, বৃদ্ধিতে সমস্ত রোগ হয়। উহা ঠিক রাখিতে পারিলেই মানুষ দীর্ঘায়ু ও নীরোগ হইতে পারেন। ... যাঁহারা মেহ, প্রমেহ, ধাতু-দৌর্ব্বল্য, স্নায়বিক দুর্ব্বলতা, ধ্বজভঙ্গ, ডায়েবিটিস, ডিসপেপসিয়া, অম্ল, অজীর্ণ, শ্বেত ও রক্তপ্রদর, বাধক, স্মরণশক্তির হ্রাস, বাত ও অর্শ প্রভৃতি রোগে ভুগিয়া জীবনে মৃতপ্রায় হইয়াছেন, তাঁহাদের পক্ষে ভাইট্যালী পরম বন্ধু। ইহা ভাইট্যাল পাওয়ার ( জীবনীশক্তি ) বৃদ্ধি করিয়া শীঘ্রই নীরোগ করে। যাঁহারা নানাবিধ ঔষধ খাইয়াও কোন ফল পান নাই তাঁহারা একবার মাত্র এই ঔষধ ব্যবহার করিয়া দেখুন। ।৵০ আনার ডাক টিকিট পাঠাইলে ১ সপ্তাহের ঔষধ পাইবেন।

প্রায় এক মাসের ঔষধ এক শিশির মূল্য ১৲ মাত্র। ডাক মাশুল সমেত ১।৵০

**প্রাপ্তিস্থান ডাঃ বি, রায় এণ্ড কোং, কেমিষ্টস্**
ফতেপুর, পোষ্ট গার্ডেনরীচ, কলিকাতা




# সাধনা ঔষধালয়-ঢাকা

বিশুদ্ধতায় সর্ব্বশ্রেষ্ঠ আয়ুর্ব্বেদীয় প্রতিষ্ঠান

ব্রাঞ্চ ও এজেন্সি



পৃথিবীর সর্ব্বত্র

অধ্যক্ষ—শ্রীযোগেশচন্দ্র ঘোষ, আয়ুর্ব্বেদশাস্ত্রী
এম-এ, এফ-সি-এস ( লণ্ডন ), এম-এস-সি ( আমেরিকা )
ভাগলপুর কলেজের রসায়নশাস্ত্রের ভূতপূর্ব্ব অধ্যাপক ( প্রফেসার )

মকরধ্বজ ( বিশুদ্ধ ও স্বর্ণঘটিত ) তোলা ৪৲ নিত্য প্রয়োজনীয় সর্ব্বরোগনাশক মহৌষধ।

বিশুদ্ধ চ্যবনপ্রাশ—সের ৩৲ টাকা সর্ব্বপ্রকার দুর্ব্বলতানাশক অতিশয় পুষ্টিকর মহৌষধ বা খাদ্যবিশেষ।

শুক্রসঞ্জীবন—সের ১৬৲ টাকা ইহা সেবনে ধাতুদৌর্ব্বল্য, রক্তহীনতা, স্বপ্ন-দোষ, প্রমেহ ও ধ্বজভঙ্গ সম্পূর্ণরূপে সারিয়া যায়। অপরিসীম আনন্দদায়ক রসায়ন।

অবলাবান্ধব যোগ—প্রদর, বাধক প্রভৃতি জরায়ুদোষ ও যাবতীয় রস ও স্ত্রীরোগের মহৌষধ। ১৬ মাত্রা ২৲ টাকা, ৫০ মাত্রা ৫৲ টাকা।

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত